

প্রতিবাদ

যেমনি নাচাও তেমনি নাচে পুতুলগুলো  
নাচতে নাচতে ঘুঙুর বাজায়  
উড়তে থাকে পথের ধুলো।  
পুতুলগুলো আজ্ঞাবাহী হুকুম তালিম করতে পারে  
নাচতে পারে গাইতে পারে  
দর্শকেরা হাততালি দেয় একটি দুটি পয়সা ছুঁড়ে।

একটা পুতুল দুটো পুতুল দশটা পুতুল  
হাজার পুতুল চোখ ঢুল ঢুল  
নেই কোন ভুল জানে বেভুল হলেই তুমুল ঝড় উঠবে  
মাথা যাবে চামড়া ছিঁড়ে ফুঁসবে চাবুক।

তবে কেন পাঁচটা পুতুল  
নাচ থামিয়ে গান থামিয়ে  
তেমনি খাড়া শিরদাঁড়া ঠিক দাঁড়িয়ে আছে?

বাজিকরের চোখের আগুন ছিটকে পড়ে  
তবুও মাথা উচুে তুলে পাঁচটা পুতুল  
হাসতে থাকে দাঁড়িয়ে কাছে —

নাগবাসুকী কাঁপছে ভয়ে চমকে ওঠে আজ বিধাতা।

মলয় রায় চৌধুরী

